



বাংলাদেশ কৃষি ব্যাংক

Phone : 9553637

প্রধান কার্যালয়, ঢাকা

bkb@intechworld.net

www.krishibank.org.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৩) অংশ-৬/২০১৬-২০১৭/ ২৭৫৪

তারিখ : ২৭.১২.২০১৬ ইং

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক কারণে সাহায্যের আবেদন

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, টাঙ্গাইল (উঃ) এর প্রহরী জনাব মোঃ শাহিনুর ইসলাম খান (এস-৩২৯১) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য একটি আবেদন করেছেন।

০২। উক্ত আবেদনে দেখা যায়, জনাব মোঃ শাহিনুর ইসলাম খান এর স্ত্রী প্রায় ২ বছর পূর্বে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে পরীক্ষা নিরীক্ষায় দূরারোগ্য ক্যান্সার ধরা পড়ে। এ চিকিৎসা একটি ব্যয়বহুল চিকিৎসা। চিকিৎসা করাতে গিয়ে তিনি সম্পূর্ণ নিঃশ্ব ও ঋণগ্রস্ত হয়ে পড়েছেন। এখন চিকিৎসা করানোর মত আর্থিক সংগতি তার নেই। ছোট দুটি সন্তান নিয়ে তিনি খুবই কষ্টে দিনাতিপাত করছেন। উক্ত কর্মচারীর স্ত্রী বর্তমানে মহাখালী ক্যান্সার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন। তিনি আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখ করে বিকেবি পরিবারের একজন সদস্য হিসেবে মানবিক কারণে স্ত্রীর চিকিৎসার জন্য আর্থিক সাহায্য হিসাবে অত্র ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে ০১ (এক) দিনের লাঞ্চভাতা পাওয়ার নিমিত্তে আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব মোঃ শাহিনুর ইসলাম খান এর স্ত্রীর চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, টাঙ্গাইল শাখায় পরিচালিত জনাব মোঃ শাহিনুর ইসলাম খান এর সঞ্চয়ী হিসাব নং-২২৫২১ তে ১ (এক) দিনের লাঞ্চ অথবা যার যার সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,


২৭/১২/১৬

(মোঃ মফিজুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। মানবিক কারণে সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।

০২। নথি/অফিস নথি।